

স্মারক নং- ৩০.০৩২.০২১.২০.০১.০০১.১৯৮৪(৮)/ ৪৩৭

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ

১৮ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ পর্যটন করপোরেশনের ৯ম ও তদুর্ধ্ব গ্রেডে কর্মরত কর্মকর্তা, ১১ গ্রেডে কর্মরত কর্মকর্তা জন্য এবং ১৩ হতে তদনিন্ম গ্রেডে কর্মরত কর্মচারীগণের ২০২২ সালের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর)সংগ্রহের লক্ষ্যে পৃথক পৃথক এসিআর ফরম কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংস্থার ওয়েব সাইটে (www.parjatan.gov.bd) আপলোড করা হয়। সংস্থার ওয়েব সাইটে আপলোডকৃত কর্মকর্তা ও কর্মচারীগণের বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম (PDF) ডাউনলোড করে A4 সাইজের কাগজে উভয় পৃষ্ঠায় প্রিন্ট করে স্বহস্তে পূরণ ও সকল কার্যক্রম সম্পন্ন করে নির্ধারিত তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের প্রশাসন বিভাগে প্রেরণ নিশ্চিত করার অনুরোধ জানিয়ে গত ০৫-০১-২০২৩ তারিখে প্রশাসন বিভাগ কর্তৃক জারীকৃত অফিস আদেশ নং-৩০.০৩২.০২১.২০.০১.০০১.১৯৮৪(৯)/২৫ জারী করা হয়। কিন্তু নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পরও সংস্থার অধিকাংশ কর্মকর্তা ও কর্মচারীগণের বার্ষিক গোপনীয় অনুবেদন'২০২২ পাওয়া যায়নি।

এমতাবস্থায়, যে সকল কর্মকর্তা ও কর্মচারীগণ তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন'২০২২ অদ্যাবধি তাঁর অনুবেদনকারী কর্মকর্তার নিকট জমা দেননি। তাদেরকে নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী জমা দেয়ার জন্য পুনরায় অনুরোধ জানানো হলো:

- (১) অনুবেদনকারী কর্মকর্তা (যার গোপনীয় অনুবেদন তিনি) বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) ফরমের ১ পৃষ্ঠা, ২য় ও ৩য় অংশ যথাযথভাবে পূরণ করে সিলসহ স্বাক্ষর ও তারিখ দিয়ে ০৩(তিন) দিনের মধ্যে অনুবেদনকারী কর্মকর্তার (২০২২ সালে যার অধীনে বা কমপক্ষে ০৩ মাস যার অধীনে কর্মরত ছিলেন) নিকট **Forwarding** এর মাধ্যমে প্রেরণ করে উক্ত **Forwarding** এর কপি অবগতির জন্য ব্যবস্থাপক(প্রশাসন), প্রধান কার্যালয়ের নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- (২) অনুবেদনকারী কর্মকর্তা বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম (এসিআর) এর ৪র্থ অংশ অনুস্বাক্ষর দ্বারা এবং ৩ ও ৫ম অংশ যথাযথভাবে পূরণ ও সিলসহ স্বাক্ষর করে ০৩(তিন) দিনের মধ্যে প্রতিস্বাক্ষরকারীর কর্মকর্তার নিকট **Forwarding** এর মাধ্যমে প্রেরণ করে উক্ত **Forwarding** এর কপি অবগতির জন্য ব্যবস্থাপক(প্রশাসন), প্রধান কার্যালয়কে প্রেরণ করবেন। প্রাপ্ত নম্বর অংকে ও কথায় লিখে সীলসহ অনুস্বাক্ষর/সীলসহ স্বাক্ষর করার জন্য অনুরোধ করা হলো।
- (৩) প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা বার্ষিক গোপনীয় অনুবেদন(এসিআর) ফরমের ৬ষ্ঠ প্রতিস্বাক্ষর (সীলসহ)/কার্যক্রম গ্রহণ করে ০৩(তিন) দিনের মধ্যে অগ্রণী পত্রের মাধ্যমে ব্যবস্থাপক(প্রশাসন) এর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সকল কর্মসম্পাদন শেষে ৩১/০৫/২০২৩ তারিখের মধ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। অন্যথায় উক্ত তারিখের পর কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক গোপনীয় অনুবেদন '২০২২ গ্রহণ করা হবে না।

(মোহাম্মদ এহসানুল কবীর)

ব্যবস্থাপক (প্রশাসন)

০৪ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ:

১৮ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

স্মারক নং- ৩০.০৩২.০২১.২০.০১.০০১.১৯৮৪(৮)/ ৪৩৭

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক (প্রশাসন/অর্থ/বাণিজ্যিক/পরিকল্পনা), বাপক, ঢাকা;
- ২। মহাব্যবস্থাপক,------(সকল), বাপক;
- ৩। অধ্যক্ষ, এনএইচটিআই, বাপক,ঢাকা।
- ৪। ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক------(সকল), বাপক;
- ৫। ব্যবস্থাপক, আইসিটি শাখা, বাপক, ঢাকা-ওয়েব সাইটে প্রকাশের জন্য;
- ৬। চেয়ারম্যান এর একান্ত সচিব, বাপক, ঢাকা--চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

তাঁর অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণকে উল্লিখিত বিষয়ে অবহিত ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

(মোহাম্মদ এহসানুল কবীর)

ব্যবস্থাপক (প্রশাসন)